



সরকারের গুরুত্বপূর্ণ অফিস, হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান এবং রাতের বেলা আবাসিক এলাকায় যে কোনো ধরনের হর্ন না বাজানো সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি



সংশ্লিষ্ট মোটরযান মালিক ও চালকগণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, অতিমাত্রায় শব্দদূষণের ফলে মানুষের বহুমাত্রিক স্বাস্থ্য ঝুঁকি তৈরি হচ্ছে। শব্দদূষণের কারণে কানে কম শোনা, আংশিক বা পুরোপুরি বধিরতা, হৃদরোগ, উচ্চ রক্তচাপ, অনিদ্রা এবং মনোসংযোগ নষ্টসহ বিভিন্ন মানসিক সমস্যার পাশাপাশি গর্ভবতী মায়াদের গর্ভপাত, গর্ভস্থ বাচ্চা বধির বা প্রতিবন্ধী/বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর জন্ম হবার সম্ভাবনা সৃষ্টি হয়। শব্দদূষণ যে কোনো মানুষের জন্য ক্ষতিকর, বিশেষ করে শিশু ও নারী, ট্রাফিক পুলিশ, রিকশা বা গাড়িচালক, রাস্তায় চলাচলকারী মানুষ, শব্দের উৎসের নিকটস্থ শ্রমিক বা শহরাঞ্চলে বসবাসকারী মানুষ অধিক হারে ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাছাড়া হাসপাতাল এবং শিক্ষা প্রতিষ্ঠানের যথাক্রমে রোগী এবং শিক্ষার্থীরা বেশি ঝুঁকির মধ্যে থাকেন। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা-৪৫ (৩) অনুযায়ী সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক, আদেশ দ্বারা ঘোষিত নীরব এলাকা অতিক্রমকালে কোনো মোটরযান চালক কোনোরূপ হর্ন বাজাতে পারবেন না। এর ব্যত্যয়ে আইনের ধারা-৮৮ অনুযায়ী অনধিক ৩ (তিন) মাসের কারাদণ্ড বা অনধিক ১০ (দশ) হাজার টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ডে দণ্ডিত হওয়ার বিধান রয়েছে। মোটরযান চালকের ক্ষেত্রে, অতিরিক্ত হিসেবে দোষসূচক ১ (এক) পয়েন্ট কর্তনের বিধান রয়েছে। এমতাবস্থায়, সংশ্লিষ্ট মোটরযান মালিক ও চালকগণকে সরকারের গুরুত্বপূর্ণ অফিস, হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান এবং রাতের বেলা আবাসিক এলাকায় যে কোনো ধরনের হর্ন না বাজানোর জন্য অনুরোধ করা যাচ্ছে। অন্যথায়, প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্টদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিআরটিএ